# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০২

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَانِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি আল্লাহর একত্ববাদের সাক্ষ্যের সাথে সাথে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর রিসালাতের সাক্ষ্য দিবে, তার জন্য জান্নাত ওয়াজিব হবে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْجَنَّةَ إِنَّمَا تَجِبُ لِمَنْ شَهِدَ لِلَّهِ جَلَّ وَعَلَا بِالْوَحْدَانِيَّةِ وَقَرَنَ ذَلِكَ بِالشَّهَادَةِ لِلْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالرِّسَالَةِ

---

আরবী

أَخْبَرَنَا إِسْمَاعِيلُ بْنُ دَاوُدَ بْنِ وَرْدَانَ بِالْفُسْطَاطِ قَالَ حَدَّثَنَا عِيسَى بْنُ حَمَّادٍ قَالَ أَخْبَرَنَا اللَّيث عن بن عَجْلَانَ عَنْ مُحَمَّدِ بْنِ يَحْيَى بْنِ حَبَّانَ عَنْ بن مُحَيْرِيزٍ عَنِ الصُّنَابِحِيِّ قَالَ: دَخَلْتُ عَلَى عُبَادَةَ بْنِ الصَّامِتِ وَهُوَ فِي الْمَوْتِ فَبَكَيْتُ فَقَالَ لِي: مَهْ لِمَ تَبْكِي فَوَاللَّهِ لَئِنَ اسْتُشْهِدْتُ لَأَشْهَدَنَّ لَكَ وَلَئِنْ شُفِّعْتَ لَأَشْفَعَنَّ لَكَ وَلَئِنِ اسْتَطَعْتُ لَأَنْفَعَنَّكَ ثُمَّ قَالَ وَاللَّهِ مَا مِنْ حَدِيثٍ سَمِعْتُهُ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَكُمْ فِيهِ خَيْرٌ إِلَّا حَدَّثْتُكُمُوهُ إِلَّا حَدِيثًا وَاحِدًا وَسَوْفَ أُحَدِّثُكُمُوهُ الْيَوْمَ وَقَدْ أُحِيطَ بِنَفْسِي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: "مَنْ شَهِدَ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ حرمه الله على النار"

الراوي : الصُّنَابِحِيّ عن عُبَادَةَ بْنِ الصَّامِتِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 202 | خلاصة حكم المحدث: حسن.

বাংলা

২০২. সুনাবিহী রহিমাহুল্লাহ বলেন: ’আমি উবাদাহ বিন সামিত রাদ্বিয়াল্লাহু আনহুর কাছে গেলাম, এসময় তিনি মুমূর্ষ অবস্থায় ছিলেন। ফলে আমি কেঁদে ফেললাম। এটা দেখে তিনি আমাকে বললেন: ’থামুন! আপনি কাঁদছেন কেন? আল্লাহর কসম! যদি আপনার পক্ষে আমার কাছে সাক্ষী চাওয়া হতো, তবে অবশ্যই আমি আপনার পক্ষে সাক্ষী দিতাম, সুপারিশ চাওয়া হলে অবশ্যই আমি সুপারিশ করবো, আর আমার সামর্থ থাকলে, অবশ্যই আমি আপনার উপকার করতাম।’ তারপর তিনি বললেন: ’আল্লাহর কসম! আমি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া

সাল্লাম থেকে যে হাদীসই শুনেছি, যাতে আপনাদের জন্য কল্যাণ রয়েছে, তা আমি অবশ্যই আপনাদের কাছে বর্ণনা করেছি, তবে একটা হাদীস ব্যতিত। সে হাদীসটি অচিরেই আমি আপনাদের কাছে বলবো। এখন তো মৃত্যু আমাকে পরিবেষ্টন করে ফেলেছে। আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া  সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন: ’যে ব্যক্তি এই সাক্ষ্য দিবে যে, আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা’বুদ নেই এবং নিশ্চয়ই মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আল্লাহর রাসূল, তার জন্য আল্লাহ জাহান্নামকে হারাম করে দিবেন।’ [1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/৩১৮; সহীহ মুসলিম: ২৯; তিরমিযী: ২৬৩৮; ইবনু মান্দাহ: ৪৬; আবু আওয়ানা: ১/১৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (মুসলিম: ১/৪৩।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88413

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন